



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ বিসিএসআইআর, রাজশাহী গবেষণাগার

নথি নং-৩৯.০২.৮১৪০.০৩৮.০১.২২১.২২

তারিখঃ ০৩/০১/২০২২ইং

বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা-২০২২

বিসিএসআইআর, রাজশাহী গবেষণাগার, প্রতিবছরের ন্যায় এবারও স্কুল-কলেজের বিজ্ঞান মনস্ক শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকশিত করার উদ্দেশ্যে আগামী ২০, ২১ ও ২২ জানুয়ারি, ২০২২ ইং তিন দিন ব্যাপি “বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা-২০২২” এর আয়োজন করতে যাচ্ছে। এ মেলার প্রকৃত উদ্দেশ্য হল নতুন প্রজন্মের মাঝে বিজ্ঞান সচেতনতা বৃদ্ধির পাশাপাশি গবেষণার মাধ্যমে দেশীয় সম্পদের মান উন্নয়ন করা এবং জনগণের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনে তাদের আগ্রহ সৃষ্টি করা। মেলা প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত চলবে। শিক্ষার্থীদের তিনটি গ্রুপে (৬ষ্ঠ-৮ম শ্রেণীঃ ‘ক’-গ্রুপ, ৯ম-১০ম শ্রেণীঃ ‘খ’-গ্রুপ, ১১শ-১২শ শ্রেণী ও বিজ্ঞান ক্লাব ‘গ’-গ্রুপ) বিভক্ত করে মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। শিক্ষার্থীরা তাদের উদ্ভাবিত প্রকল্প সমূহ মেলায় প্রদর্শন করবে। একটি প্রকল্পে সর্বোচ্চ তিন (০৩) জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে এবং প্রতি শিক্ষাপ্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের অভিভাবক হিসেবে একজন শিক্ষক তাঁদের দায়িত্ব পালন করবেন। তাছাড়া, বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ যাদের বয়স সর্বোচ্চ ১৮ বছর তারা এ মেলায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। প্রত্যেক গ্রুপ হতে ১ম, ২য়, ৩য় স্থান অর্জনকারীদের মাঝে সনদপত্র ও পুরস্কার প্রদান এবং মেলায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের প্রত্যেককে আলাদা ভাবে সনদ প্রদান করা হবে। ছাত্র-ছাত্রী কর্তৃক উদ্ভাবিত প্রকল্পসমূহ মেলায় প্রদর্শনের জন্য দাখিলের পর এতদসংক্রান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই করা হবে এবং বাছাইকৃত প্রকল্পের সংখ্যা ও নাম প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে জানিয়ে দেয়া হবে। মেলায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৩ জানুয়ারি, ২০২২ ইং তারিখের মধ্যে এতদসঙ্গে সংযুক্ত আবেদন ফরম পূরণ করে প্রকল্পের সারসংক্ষেপ বাংলা বা ইংরেজিতে MS-word (সর্বোচ্চ ১৫০ শব্দ) এ লিখে ০১ কপি রঞ্জিন ছবিসহ (প্রত্যেক অংশগ্রহণকারীর) ই-মেইল (badol08@gmail.com)-এ পাঠাতে হবে এবং হার্ড কপি সরাসরি (ড. মোঃ বাদরুল ইসলাম, পিএসও এর নিকট) দিতে হবে। প্রত্যেক অংশগ্রহণকারীর যোগাযোগের ঠিকানা, ফোন অথবা মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন ফরম বিসিএসআইআর, রাজশাহী গবেষণাগার এর ওয়েবসাইট (rajshahilabs.bcsir.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।


জরুরী প্রয়োজনে যোগাযোগঃ

বিসিএসআইআর, রাজশাহী গবেষণাগার, বিনোদপুর বাজার, রাজশাহী-৬২০৬। ফোনঃ পরিচালক-০৭২১-৭৫০৩০৭, ০৭২১-৭৫০৮৫১, পিএবিএক্সঃ ০৭২১-৭৫০৮৯৪, ওয়েবসাইটঃ rajshahilabs.bcsir.gov.bd, ই-মেইল: dir_rajshahi@bcsir.gov.bd, rajbcsir@yahoo.com

মোবাইলঃ ০১৭১৬-৬৩৯২৫৫ (ড. মোঃ বাদরুল ইসলাম, পিএসও), ০১৭১৫-৯৭৩৪৬৬ (মোঃ আহসানুর রাকী, এসএসও)

০১৭২২-৫৭৬১৬৬ (মোঃ সাক্বির হাসান, এসও)

ধন্যবাদান্তে



(ড. বরুণ কান্তি সাহা, সি.এস.ও.)

পরিচালক

ড. বরুণ কান্তি সাহা

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিসিএসআইআর

রাজশাহী গবেষণাগার, রাজশাহী

বিনোদপুর বাজার, রাজশাহী-৬২০৬, বাংলাদেশ

ফোনঃ ৭৫০৮৯৪, ৭৫০৩০৭; ই-মেইল: dir_rajshahi@bcsir.gov.bd

ওয়েবসাইট: rajshahilabs.bcsir.gov.bd